৫৭

তারিখ ... JAN. 24 1999 ... ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ......

ভোরের কাগজ

### স্টল বরাদ্দ ও পরিচালনার কঠোর নীতিমালা

# ৫ ফেব্রুয়ারি একুশে বইমেলার উদ্বোধন

কাগজ প্রতিবেদক : অমর একুশে গ্রন্থমেলার প্রস্তুতি পুরোদমে এগিয়ে চলছে। বাংলা একাডেমী প্রাঙ্গণে শুরু হয়েছে স্টল বানানোর কাজ। ২২ সদস্যের একটি পরিচালনা কমিটি বর্তমানে স্টল বরাদ্দের আবেদনপত্রগুলো যাচাই-বাছাই করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৫ ফেব্রুয়ারি বইমেলার উদ্বোধন করবেন।

বাংলা একাডেমীর বইমেলার জন্য স্টল বরাদ্দের আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ছিল গত ১৮ জানুয়ারি। বাংলা একাডেমীর একটি সূত্র জানায়, এবারের কঠোর নীতিমালার কারণে স্টল বরাদ্দ চেয়ে পর্যাপ্ত আবেদন জমা পড়েনি। কর্তৃপক্ষ এবার ৫০টি বইয়ের প্রকাশক কিংবা গত এক বছরে কমপক্ষে ১৫টি বই প্রকাশ করেছে এমন প্রতিষ্ঠানগুলোকে স্টল বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বাংলা একাডেমীর মহাপরিচালক এবং অমর একুশে গ্রন্থমেলা পরিচালনা কমিটির সভাপতি ড. সৈয়দ আনোয়ার হোসেন ভোরের কাগজকে বলেছেন, 'আমরা একুশে গ্রন্থমেলাকে মননশীল প্রকাশকদের মেলায় পরিণত করতে চাই। এ লক্ষ্যে এবার কঠোর নীতিমালা করা হয়েছে এবং তা অনুসরণও করা হবে।' তিনি স্টল চেয়ে পর্যাপ্ত আবেদন না পড়ার কথা অস্বীকার করেন। আগামী ১ ফেব্রুয়ারি লটারি করে আবেদনকারীদের স্টল বরাদ্দ দেওয়া হবে।

এবারের বইমেলায় গতবারের মতো ৩০০টি স্টল থাকবে। একাডেমী প্রাঙ্গণের বাইরে কোনো স্টল থাকবে না এবং মেলায় বই ছাড়া অন্য কোনো কিছু বিক্রিও হবে না। এ ছাড়াও বিদেশী বই এবং বিদেশে প্রথম প্রকাশিত বইয়ের বাংলাদেশী সংস্করণও মেলায় বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। অশ্লীল ও নিম্নমানের বই যাতে কোনো স্টলে বিক্রি না হয় সেজন্য কঠোর নজরদারি থাকবে।

প্রথমবারের মতো এবারের বইমেলা পরিচালনায় কম্পিউটার ব্যবহার করা হবে। তথ্যকেন্দ্র ছাড়াও কম্পিউটারের সাহায্যে একাডেমী প্রাঙ্গণে একটি বিশাল স্ক্রিন স্থাপন করা হবে। এই স্ক্রিনে বইমেলার যাবতীয় খুঁটিনাটি, নতুন বইয়ের নামধামসহ মেলার দৃশ্যাবলী দেখানো হবে। মেলায় আগত দর্শনার্থীদের সুবিধার্থে এ উদ্যোগ নেওয়া হয়েছে। একটি বেসরকারি প্রতিষ্ঠান স্ক্রিনটি পরিচালনা করবে।

বইমেলায় এবারো প্রবেশ মূল্য চালু করা সম্ভব হচ্ছে না। বাংলা একাডেমীর মহাপরিচালক জানান, বইমেলায় প্রবেশ মূল্য চালুর প্রস্তাব ছিল। কিন্তু অবকাঠামোগত অসুবিধার কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি জানান, ভোরের কাগজে প্রকাশিত একটি চিঠির সূত্র ধরে একাডেমী এবার বইমেলায় প্রকাশকদের কাছে পলিথিন ব্যাগ ব্যবহার না করার আবেদন জানাবে। তিনি জানান, বাংলা একাডেমীর নিজস্ব স্টলে এবার কোনো পলিথিন ব্যাগ ব্যবহার করা হবে না। বইমেলায় এবারের বাজেট ১৭ লাখ টাকা।